ইরানের সর্বোচ্চ নেতা খামেনির মৃত্যুতে লাইভে কান্নায় ভেঙে পড়লেন উপস্থাপক



সংগৃহীত ছবি

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় নিহত হওয়ার খবর প্রকাশের সময় রাষ্ট্রীয় টেলিভিশনের এক উপস্থাপক কান্নায় ভেঙে পড়েন। প্রেসটিভির অন্য এক উপস্থাপক হামলাকে 'অপরাধমূলক' আখ্যা দিয়ে প্রতিশোধের হুঁশিয়ারি দিয়েছেন।

হিন্দুস্তান টাইমস জানিয়েছে, উপস্থাপক স্টুডিও থেকে বলেন, "আল্লাহ মহান। ইসলামী বিপ্লবের সর্বোচ্চ নেতা আজ যৌথ হামলায় শহীদ হয়েছেন।" স্টুডিওর বাইরে কান্নার শব্দ শোনা গেছে। একই সময়ে প্রেসটিভির মারিয়াম আজারচেহরও লাইভে প্রতিশোধের কথা বলেন। তিনি বলেন, "এটা এখানেই শেষ নয়। ট্রাম্প এবং যারা এই হত্যায় সহযোগিতা করেছে, সবাইকে তার মূল্য দিতে হবে। প্রতিশোধ আসছে, খুব শিগগিরই।"

খামেনির মৃত্যুতে ইরান সরকার ৪০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে। হামলায় খামেনির পরিবারের সদস্যরাও নিহত হয়েছেন, যার মধ্যে তার মেয়ে, নাতি, পুত্রবধূ ও জামাতার নাম জানা গেছে।

সঙ্গে সঙ্গে হামলায় ইরানের প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদেহ এবং ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর কমান্ডার মোহাম্মদ পাকপুরও নিহত হয়েছেন।